

কিশলয় নার্সারী ও কে. জি. স্কুল

-ঃ অভিভাবকদের জানিবার বিষয় ঃ-

সেসন্-২০২০

- ১। বিদ্যালয়ের প্রতিটি ছাত্র-ছাত্রীকে বিদ্যালয়ের নির্দিষ্ট পোষাক পরিয়া আসিতে হইবে। পোষাক পরিষ্কার-পরিচ্ছন্ন হইতে হইবে। প্রতিটি শিশুর সার্বিক পরিচ্ছন্নতার দিকে নজর দিতে অভিভাবকদের অনুরোধ করা যাইতেছে।
- ২। স্কুলের কার্যকাল (**School timings**) ঃ- সোমবার হইতে শুক্রবার (শনিবার ছুটি)
 - ক) নার্সারী শ্রেণী ঃ সকাল ৭-৪৫মিঃ হইতে ১০-১৫মিঃ
 - কে.জি. ওয়ান শ্রেণী ঃ সকাল ৭-১৫মিঃ হইতে ১০-৩০মিঃ
 - কে.জি. টু শ্রেণী ঃ সকাল ৭-১৫মিঃ হইতে ১০-৪০মিঃ
 - খ) প্রথম শ্রেণী ঃ বেলা ১১-১৫মিঃ হইতে ৩-১৫মিঃ
 - দ্বিতীয় শ্রেণী ঃ বেলা ১১-১৫মিঃ হইতে ৩-৩০মিঃ
 - তৃতীয় শ্রেণী ঃ বেলা ১১-১৫মিঃ হইতে ৩-৪০মিঃ
 - চতুর্থ শ্রেণী ঃ বেলা ১১-১৫মিঃ হইতে ৩-৫০মিঃ
- ৩। মাসিক বেতন চলতি মাসের ১০ তারিখের মধ্যে জমা দেওয়া না হইলে প্রতিমাসে ১০টাকা জরিমানা দিতে হইবে।
- ৪। জানুয়ারী মাসের মাহিনার সহিত সেসন চার্জ, কম্পিউটার ফি (প্রথম শ্রেণী হইতে চতুর্থ শ্রেণী), বাৎসরিক ও অর্ধ-বাৎসরিক পরীক্ষার ফি এবং সরস্বতী পূজার চাঁদা জমা দেওয়ার পর হাজিরা খাতায় নাম তোলা হইবে।
- ৫। বিদ্যালয়ে প্রত্যহ আই.ডি. কার্ড পরিধান করে আসা বাধ্যতামূলক।
- ৬। কে.জি. ওয়ান শ্রেণী হইতে সাপ্তাহিক পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক।
- ৭। শিশুদের ব্রতচারী, ছড়ার ব্যায়াম, সঙ্গীত ও নৃত্য শিক্ষা, রং এবং তুলির সাহায্যে ছবি আঁকা, তুলা ও কাগজের কাজ ইত্যাদি শিক্ষা দেওয়া হয়।
- ৮। শিশুদের খেলাধুলা, ক্রীড়া প্রতিযোগিতা, বার্ষিক পুরস্কার বিতরণ ও অন্যান্য আমোদ-প্রমোদের ব্যবস্থা আছে।
- ৯। ছাত্র-ছাত্রীদের মূল্যবোধ ও নিয়মানুবর্তিতার প্রতি বিশেষ যত্নবান হইবেন।

১০। পোষাক পরিচ্ছদ (Dress Code) :-

ক) ছেলেদের গাঢ় সবুজ হ্যাফ প্যান্ট ও সাদা শার্ট সঙ্গে কালো জুতো, সাদা মোজা ও সবুজ টাই। শার্ট-এ স্কুলের লোগো থাকা বাধ্যতামূলক।

খ) মেয়েদের সাদা ব্লাউজ ও সবুজ স্কার্ট। সঙ্গে কালো জুতো, সাদা মোজা ও সবুজ টাই।

গ) ছেলে-মেয়েদের ব্রতচারীর সাদা টি-শার্ট ও প্যান্ট, সাদা কেডস্ ও সাদা মোজা।

ঘ) প্রথম শ্রেণী হইতে তৃতীয় শ্রেণী পর্যন্ত ব্রতচারী পরীক্ষা বাধ্যতামূলক।

ঙ) শীতের পোষাক :- সবুজ সোয়েটার।

শীতকালে ফুল প্যান্ট ও ফুল শার্ট ব্যবহার করা যাইতে পারে।

১১। নাসারী শ্রেণী হইতে চতুর্থ শ্রেণীর সমস্ত বই, খাতা, ডাইরী, টাই এবং লেবেল স্কুল হইতে দেওয়া হইবে।

১২। বিদ্যালয়ের জরুরী বিজ্ঞপ্তিগুলি নোটিশ বোর্ডে লেখা থাকবে। এগুলি জানা অভিভাবকের কর্তব্য।

১৩। একাদিক্রমে কোনো উপযুক্ত কারণ ছাড়া এবং কোনো আগাম নোটিশ ছাড়া বিদ্যালয়ে অনুপস্থিত থাকিলে তাহাকে পরীক্ষায় বসিতে দেওয়া হইবে না। তিনদিনের অধিক বিদ্যালয়ে অনুপস্থিত থাকিলে তাহাকে 'মেডিকেল সার্টিফিকেট' দিতে হইবে। সংক্রামক অসুখের ক্ষেত্রে তিন সপ্তাহের পর 'মেডিকেল সার্টিফিকেট' দাখিল করিয়া বিদ্যালয়ে আসিতে হইবে।

১৪। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিদ্যালয়ের ঘন্টা পড়িবার অন্ততঃ ১৫মিঃ পূর্বে বিদ্যালয়ে উপস্থিত হইতে হইবে। বিদ্যালয়ের ঘন্টা পড়িবার ৫মিঃ পর গেট বন্ধ হইয়া যাইবে।

১৫। ছাত্র-ছাত্রীদের টিনের সুটকেস্ এবং পেপসি কিংবা অন্য কোন পানীয় জলের বোতল ব্যবহার করা চলিবে না।

১৬। প্রধানা শিক্ষিকার সহিত অভিভাবকদের সাক্ষাত করিবার সময়ঃ প্রত্যহ বেলা ১১-৩০মিঃ-১টা।